# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৪৬

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ১৮. সূরাহ কাহফের ফযীলত

باب فِي فَضْلِ سُورَةِ الْكَهْفِ

আরবী

حَدَّثَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا هُشَيْمٌ حَدَّثَنَا أَبُو هَاشِمٍ عَنْ أَبِي مِجْلَزٍ عَنْ قَيْسِ بْنِ عُبَادٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ مَنْ قَرَأَ سُورَةَ الْكَهْفِ لَيْلَةَ الْجُمُعَةِ أَضَاءَ لَهُ مِنْ النُّورِ فِيمَا بَيْنَهُ وَبَيْنَ الْبَيْتِ الْعَتِيقِ

বাংলা

৩৪৪৬. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, যে ব্যক্তি জুমু’আর রাতে সূরা কাহফ পাঠ করবে, তার জন্য তার ও বাইতুল আতিক্ব (কা’বা)-এর মধ্যবর্তী জায়গা নূরে আলোকিত হয়ে যাবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ আবূ সাঈদ পর্যন্ত সহীহ। এটি তার এর বক্তব্য (মাওকুফ)।

তাখরীজ: আবী উবাইদ, ফাযাইলুল কুরআন পৃ: নং ২৪৪; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ২৪৪৪; নাসাঈ, আমলুল ইয়াম ওয়াল লাইলাহ নং ৯৫৩ মাওকুফ হিসেবে। তবে নাসাঈ, আমলুল ইয়াম ওয়াল লাইলাহ নং ৯৫২; তাবারাণী, আওসাত নং ১৪৭৮; হাকিম নং ২০৭২; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ২৪৪৬ মারফূ’ হিসেবে।

তবে নাসাঈ বলেছেন এটি মাওকুফ হিসেবেই সঠিক।

তাবারাণী বলেছেন, ইয়াহইয়া ইবনু কাছীর ব্যতীত আর কেউ এটি মারফূ’ হিসেবে বর্ণনা করেনি। বাইহাকী বলেন, এটি মাওকুফ হিসেবেই মাহফুজ (সংরক্ষিত)।

আমাদের বক্তব্য: মারফূ’ হিসেবে বর্ণনা করাটা হলো যিয়াদাহ (অতিরিক্ত); আর বিশ্বস্ত রাবীর ‘যিয়াদাহ’ (অতিরিক্ত বর্ণনা) গ্রহণযোগ্য। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83731

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন